# গোপালগঞ্জে এনসিপির কর্মসূচিতে আ.লীগের ককটেল-ইটপাটকেল নিক্ষেপের অভিযোগ



সমাবেশ স্থলে হামলা: সংগৃহীত ছবি

গোপালগঞ্জে জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) 'জুলাই পদযাত্রা' কর্মসূচিকে কেন্দ্র করে উত্তপ্ত পরিস্থিতি সৃষ্টি হয়েছে। বুধবার দুপুরে এনসিপির সমাবেশে ছাত্রলীগের নেতাকর্মীরা হামলা চালায় বলে অভিযোগ উঠেছে। ককটেল ও ইটপাটকেল নিক্ষেপে বেশ কয়েকজন আহত হন। এর আগে দিনের বিভিন্ন সময় ইউএনও'র বহরে এবং পুলিশের গাড়িতে হামলার ঘটনাও ঘটে।

গোপালগঞ্জ সদরে এনসিপির কেন্দ্রঘোষিত 'জুলাই পদযাত্রা' কর্মসূচির অংশ হিসেবে আয়োজিত এক সমাবেশে বুধবার (১৬ জুলাই) দুপুর পৌনে ১টার দিকে হামলা চালানো হয়। প্রত্যক্ষদর্শীদের ভাষ্যমতে, খালের ওপার থেকে স্লোগান দিতে দিতে একদল দুর্বৃত্ত সমাবেশস্থলে ককটেল ও ইটপাটকেল নিক্ষেপ করে। এতে এনসিপির অন্তত কয়েকজন নেতা-কর্মী আহত হন।

এই হামলার সময় ঘটনাস্থলে উপস্থিত ছিলেন পুলিশ ও এপিবিএন সদস্যরা। তবে তারা হামলা ঠেকাতে তৎপর ছিলেন না বলে অভিযোগ এনসিপি নেতাদের। ঘটনার পরপরই পুলিশ এবং এনসিপির নেতা-কর্মীরা দ্রুত স্থান ত্যাগ করেন। পরে অতিরিক্ত পুলিশ মোতায়েন করে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনা হয় এবং সমাবেশ ফের শুরু হয়।

এর আগে সকালেই উত্তেজনা শুরু হয় সদর উপজেলার গান্ধীয়াশুর এলাকায়। ঘোনাপাড়া-টেকেরহাট আঞ্চলিক সড়কে গাছ ফেলে অবরোধ সৃষ্টি করে আওয়ামী লীগ ও ছাত্রলীগের নেতা-কর্মীরা। এ সময় উপজেলা নির্বাহী কর্মকর্তার (ইউএনও) গাড়ি বহর সেখানে পৌঁছালে সেটিতে হামলার ঘটনা ঘটে।

এরও আগে, গোপালগঞ্জ সদরের উলপুর এলাকায় পুলিশের একটি গাড়িতে হামলা, ভাঙচুর ও অগ্নিসংযোগের ঘটনা ঘটে। এতে বেশ কয়েকজন পুলিশ সদস্য আহত হন বলে জানা গেছে।

এনসিপি'র পক্ষ থেকে হামলাগুলোকে 'সাংবিধানিক রাজনীতির ওপর সন্ত্রাসী আঘাত' বলে উল্লেখ করা হয়েছে। তবে আওয়ামী লীগ বা ছাত্রলীগের কোনো আনুষ্ঠানিক প্রতিক্রিয়া এখনো পাওয়া যায়নি।